গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৫৫.২০.৯৬৬-এ/ও তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব রাজীব মন্ডল, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ সাবেক সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী এর বিরুদ্ধে যথাক্রমে: ১) জেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী এর স্বাক্ষর জাল করে করপাড়া হরিজন ঋষি শ্রমজীবী সমবায় সমিতি লিঃ, পূর্ব মৌকুড়ী হরিজন ঋষি শ্রমজীবী সমবায় সমিতি লিঃ, মাতালাখালী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এবং আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ নিবন্ধন প্রদান; ২) বালিয়াকান্দি আশ্রয়ন প্রকল্পের ঋণের ২২,৩৫৪/- (বাইশ হাজার তিনশত চুয়ান্ন) টাকা আদায় করে ব্যাংকে জমা না দিয়ে নিজের কাছে রেখে দিয়েছেন; ৩) তিনি সদর, রাজবাড়ী উপজেলায় চাকরিকালীন সময়ে সরকারি বাসা ভাড়া ও বিদ্যুৎ বিল বাবদ ২,৪৬,৩৫৯/- (দুই লক্ষ ছেচল্লিশ হাজার তিনশত উনষাট) টাকা পরিশোধ না করার কারণে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর স্মারক নং- ৩৯৬, তারিখ: ১৮.০৩.২০১৯ খ্রি. মূলে তার বিরুদ্ধে সার্টিফিকেট মামলা ও গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়েছে; ৪) তিনি জনৈক ব্যবসায়ী জনাব মোঃ মাসুদ পারভেজ এর নিকট হতে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ধার গ্রহণ করেছেন এবং উক্ত টাকা যথাসময়ে পরিশোধ না করায় বিগত ২০.০১.২০১৯ তারিখ ব্যাংক থেকে চেক ডিসঅনার হলে তার বিরুদ্ধে রাজবাড়ী জেলা জজ কোর্টে সিআর মামলা নং- ৫৭১/১৯, তারিখ: ০২.১০.২০১৯ দায়ের করার অভিযোগ থাকার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১- ১৮৫৯ (৪)-এ/ও, তারিখ: ২৭.১২.২০২০ খ্রি. মূলে ২৪ (২০-২১) নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব রাজীব মন্ডল ১ম কারণ দর্শানোর কোনো জবাব দাখিল না করায় সমবায় অধিদপ্তরের স্মারক নং- ১০৭৯-এ/ও, তারিখ: ২৭.০৯.২০২৩ খ্রি. মূলে জেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী এর নিকট এ কর্মচারীর জবাবসহ সর্বশেষ অবস্থানের তথ্য প্রেরণের জন্য বলা হলে জেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী জানান যে, জনাব রাজিব মন্ডল জবাব দাখিল করেননি;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব রাজীব মন্ডল জবাব দাখিল না করায় সমবায় অধিদপ্তরের স্মারক নং- ১৩৩৩(৬)-এ/ও, তারিখ: ০৩.১২.২০২৩ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু জনাব রাজীব মন্ডল বিগত ২৫.০৮.২০২৪ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ২১.০১.২০২৫ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৫.২০.৪৪৬(৮)-এ/ও, তারিখ: ০৬.০৩.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত আনীত চারটি অভিযোগ-ই সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৫.২০.২৭০(৭)-এ/ও, তারিখ: ১৭.০২.২০২৬ মূলে পুনরায় ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশনা দেয়া হলেও তিনি জবাব দাখিল না করায় সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৫.২০.৬৫৪(৫)-এ/ও, তারিখ: ১৯.০৪.২০২৬ মূলে চূড়ান্ত পত্র প্রদান করা হয় এবং তিনি কোনো ধরণের জবাব দাখিল করেননি;

যেহেতু উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ এর স্মারক নম্বর: ৪৭.৬১.৪৮৫৪.০০০.০০০.৯৫.০০০২. ২৫.১৯০, তারিখ: ১০.০৬.২০২৬ মূলে জানা যায় বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা এর আদেশ নং- ১১৩৭, তারিখ: ২৩.১০.২০২৫ মূলে অভিযুক্ত কর্মচারীকে উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ বদলি করা হয়। অভিযুক্ত কর্মচারী বিগত ০৩.১১.২০২৫ তারিখ মেইলে যোগদান প্রেরণ করেন এবং পরবর্তীতে আর স্ব-শরীরে কর্মস্থলে উপস্থিত হন নাই এবং উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ হতে কোন প্রকার বেতন ভাতাদি গ্রহণ করেননি ;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর ২য় কারণ দর্শানোর জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব রাজীব মন্ডল এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(৩) বিধি অনুসরণে গুরুদন্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব রাজীব মন্ডল, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ সাবেক সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩) (ঘ) উপবিধি মোতাবেক তাকে আদেশ জারির তারিখ হতে সরকারি চাকুরী হতে বরখাস্তকরণসহ বিগত ০৩.১১.২০২৫ তারিখ হতে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৫৫.২০.৯৬৬/১(৩১)-৭/৩ তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
২। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ/রাজবাড়ী।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ/বালিয়াকান্দি, রাজবাড়ী।
৬। উপজেলা সমবায় অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ/বালিয়াকান্দি, রাজবাড়ী।
৭। জনাব রাজীব মন্ডল, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ সাবেক সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী স্থায়ী ঠিকানা: পিতা- বিশ্বজিত মন্ডল, ৪৩ নং মনির হোসেন লেন নারিন্দা, ঢাকা- ১১০০। স্থায়ী ঠিকানা: পিতা- বিশ্বজিত মন্ডল, গ্রাম: নিতাইখালী, পোঃ গোপের হাট, উপজেলা- মংলা, জেলা: বাগেরহাট।
৮। সংশ্লিষ্ট নথি।

১০/০৬/২০২৬
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।